

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং- মাউশি/সেসিপ/SPSU/EFT/৩-১২/২০১৬/২২


তারিখ: ০৫.১২.২০১৬

বিষয়ঃ উপবৃত্তির অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণের লক্ষ্যে মোবাইল একাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় পরিচালিত উপবৃত্তি কার্যক্রমের অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষে অগ্রণী ব্যাংক লিঃ এর সাথে একটি সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অগ্রণী ব্যাংক লিঃ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণের জন্য Third Party Service Provider হিসেবে বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার, শহীদ জাহাঙ্গীর গেইট, ৫৪৬ ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬এর সাথে চুক্তি স্বাক্ষর করে।

উপবৃত্তির অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণের লক্ষ্যে জুলাই-ডিসেম্বর/২০১৬ সময়ের জন্য প্রস্তুতকৃত ACTSS-এ তালিকাভুক্ত শিক্ষার্থীর মোবাইল একাউন্ট খোলা প্রয়োজন। আগামী ০৬.১২.২০১৬ তারিখ হতে বিকাশ লিঃ মোবাইল একাউন্ট খোলার কাজ শুরু করবে। মোবাইল একাউন্ট খোলার জন্য সদ্যতোলা ১কপি পাসপোর্ট সাইজের ছবি, পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, জন্মসনদের ফটোকপি (না থাকলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র) এবং একটি সক্রিয় সিমকার্ডসহ (বর্তমানে ব্যবহৃত বিকাশ একাউন্টধারী সিমকার্ড গ্রহণযোগ্য নয়) ব্যবহারযোগ্য একটি মোবাইল হ্যান্ডসেট শিক্ষার্থীকে সংগে আনতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা মোতাবেক বিকাশ লিঃ কে শিক্ষার্থীর মোবাইল একাউন্ট খোলার প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষে উপবৃত্তির আওতাভুক্ত সকল প্রতিষ্ঠান প্রধানকে লিখিতভাবে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।



মোঃ আবু হাইদ শেখ (অতিরিক্ত সচিব)

যুগ্ম প্রোগ্রাম পরিচালক

E-mail : jpd.sesip@gmail.com


উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলাঃ

জেলাঃ

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। ম্যানেজিং ডিরেক্টর, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড (মোবাইল একাউন্ট খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ৫। অফিস নথি।



লোকমান হোসেন

সহকারী পরিচালক (ইকুইটি)

ফোন: ৯৫৭৩৮৯৯